# Sundar – Kabita – Short – Sanjib Pramanik
সুন্দর - সঞ্জীব প্রামাণিক

প্রাণ
সরাও সরাও ঐ প্রাসাদদুর্গগুলি, আমি দেখি গাছেদের মুখ
সরাও সরাও মাটি, বোজানো পুকুর, আমি দেখি টলটলে জল-
সবুজ পানার কান্না, মাছের কঙ্কাল
সরাও চিমনির ধোঁয়া, আমি দেখি নীল আকাশ, সূর্যোদয়,
টুকরো মেঘে অবন ঠাকুর
সরাও ইটের স্তূপ, পিচরাস্তা, আমি দেখি ঘুমানো কাশফুল
কী নিয়ে বাঁচব আমি ? কোথায় মায়ের মুখ ? কোথায় ? কোথায় ?
লোহা - লক্কড়ের দেশে আমি আজ কোথায় দাঁড়াব ?

।।পরকীয়া।।
নদী পাশ ফিরে শোও। আমি আর স্নানে নামব না।
আজ থেকে রুখুসুখু;আজ থেকে পাগলের মতো
পথে পথে ঘুরে মরব;ভাত ঠাণ্ডা হয়ে যাবে, বাড়িতে খাব না-
বাড়ি ফিরব রাত করে, বাইরেও কাটাব রাত, প্রশ্ন করো না -
সংসার চুলোর যাক, হিসাব চেয়ো না আর মাইনের টাকায় কী করি ?
তাহলেই খামচাখামচি, প্রতিবেশীদের চোখে শুধুই জিজ্ঞাসা।
জলের ধর্ম একই, তবু আমি সমুদ্রের টানে বাকিটা জীবন-
খরচ করব।
একবার যে ভেসেছে, সে কখনও মাটিতে ফেরে না।

# Sundar – Kabita – Short – Kalikrishno Guha
সুন্দর - কালীকৃষ্ণ - ভাষা

তুমি খুঁজে পেয়েছিলে ভাষা
গড়ে তুলেছিলে র্মমলোক-
হয়তো তা নিরীশ্বর, ভাঙা
জন্মান্তরগামী, বীতশোক।
তোমার অনেক কথা ছিল
কিছু ছিল আমারও বলার
দিন গেছে বহু প্রতীক্ষায় -
দিনগুলি স্মৃতির সঞ্চ ার।
এখন প্রৌঢ়ত্বে এসে দেখ
গভীর গহন বর্ষাকাল
ঘিরে আছে স্বপ্ন, চরাচর
ভেসে গেছে গৃহের চাতাল।
অনেক সন্তাপ নীরবতা
বহন করেছো তুমি আর
কবিতা লিখেছ এই জেনে
ভাষারও রয়েছে অন্ধকার।